

আদমদীঘিতে মাধ্যমিক ও জুনিয়র হাইস্কুলগুলোতে নানা সমস্যা

আদমদীঘি (বগুড়া) থেকে সংবাদমাতা ॥ উপজেলার প্রায় সবকটি মাধ্যমিক বিদ্যালয় ও জুনিয়র হাইস্কুলে নানা সমস্যা। ফলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া বাহত হচ্ছে।

জানা যায়, শহর ও গ্রামাঞ্চলে প্রয়োজনীয় সংখ্যক বিদ্যালয়ের অভাব, ভূমি সমস্যা, সংস্কারবিহীন জরাজীর্ণ বিদ্যালয়, পেলার নাঠ না থাকার, মানবিক ও বিজ্ঞান বিভাগের উপকরণ ও যন্ত্রপাতির অভাব, লাইসেন্সের বৈন্যদশা, মিলনায়তন, পাঠাগারের অভাব, প্রাইভেট পড়ানোর আধিক্য, সর্বোপরি বৈষন্যমূলক শিক্ষাব্যবস্থায় উপজেলার ছাত্র-ছাত্রীরা ভোগান্তির শিকার হচ্ছে। উপজেলার ১টি সরকারী এবং ২টি পাইলট বিদ্যালয় ছাড়া বেসরকারী মাধ্যমিক বিদ্যালয় ও জুনিয়র হাইস্কুলগুলোতে শিক্ষার মান হতাশাব্যঞ্জক। এছাড়া স্কুল মানেজিং কমিটি এবং শিক্ষক মণ্ডলীর খুসম্পর্ক, শিক্ষকদের ভ্রাস নিতে অনীহা, শিক্ষকের স্কুলে অনুপস্থিতিতে গ্রামের বিদ্যালয়গুলোতে

শিক্ষার পরিবেশ বিঘ্নিত হচ্ছে। অনেক মাধ্যমিক বিদ্যালয়ে মিলনায়তন নাই, রয়েছে শিক্ষকের অভাব। বেলীরভাগ বিদ্যালয়ে বৈজ্ঞানিক যন্ত্রপাতির অভাবে ব্যবহারিক পরীক্ষা না নিয়ে মৌখিক পরীক্ষা নেওয়া হয়। কোন কোন বিদ্যালয়ে শরীর চর্চা শিক্ষকের পদ পূন্য থাকায় ছাত্র-ছাত্রীরা একেত্রে বঞ্চিত হচ্ছে। একশ্রেণীর শিক্ষক বিশেষ করে ইংরেজী ও অংক শিক্ষকগণ টিউশনারী নামে বাড়িতে অথবা স্কুলের শ্রেণীকক্ষে বিভিন্ন শ্রেণীর ২০/২৫ জন ছাত্রছাত্রী নিয়ে মিনি স্কুল করে ব্যবসা করছে।